

পরিকল্পনা

ফসলের হেক্টর প্রতি গড় ফলন বৃদ্ধির জন্য আগামী ৫ বছরে নিম্নলিখিত কার্যক্রম অনুসরণীয়:

- সুযম মাত্রায় রাসায়নিক সার ব্যবহার, জমির উর্বরতা সংরক্ষণে জৈব সার (ভার্মি কম্পোষ্ট) এবং সবুজ সার ব্যবহার সকল কৃষকদের মাঝে নিশ্চিত করা হবে। নিরাপদ ফসল (সেফ ফুড) উৎপাদনের জন্য কুমড়া জাতীয় সবজি ফসলের পোকামাকড় দমনের ক্ষেত্রে সেক্স ফেরোমোন ফাঁদের ব্যবহার নিশ্চিতকরণ।
- ধান, গম ও ভুট্টার উচ্চ ফলনশীল জাত এবং প্রত্যায়িত বীজ কৃষকদের মাঝে নিশ্চিতকরণ।
- কুষ্টিয়া জেলায় জিকে প্রকল্পের আওতায় অধিকাংশ জমি হওয়ায় প্রকল্প কর্তৃক পানি সরবরাহ অব্যাহত রাখা।
- ডাল জাতীয় ফসলের বিশেষ করে (মসুর, খেসারী, মাসকলাই, মুগ) রোগ প্রতিরোধ ও উচ্চ ফলনশীল জাত এবং উন্নত বীজ সরবরাহ অব্যাহত রাখা।
- পুষ্টি সরবরাহ নিশ্চিতকরণে সবজি ও ফল উৎপাদনে ক্ষেত্রে উচ্চ ফলনশীল জাত এবং নিরাপদ সবজি ও ফল উৎপাদনের ক্ষেত্রে সেক্স ফেরোমোন ট্র্যাপ এবং উন্নত চাষ ব্যবস্থাপনা অব্যাহত রাখা।
- সরিষার ফলন বৃদ্ধির জন্য উন্নত জাতসহ সরিষা ক্ষেতে মৌ বাক্স স্থাপনের মাধ্যমে মধু উৎপাদন কার্যক্রম এবং সরিষা ফলন বৃদ্ধির কার্যকর ব্যবস্থা গ্রহণ করা।
- পার্টনার প্রকল্পের মাধ্যমে কৃষক সংগঠন গড়ে তোলা ও আয় বৃদ্ধিসহ ফসলের ফল বৃদ্ধির লক্ষ্যে নিরাপদ ফসল উৎপাদন কার্যক্রম চালু রাখা।
- কৃষি শ্রমিকের অপ্রতুলতার কারণে ফসল বপন, রোপন, কর্তন এবং সংগ্রহের ক্ষেত্রে কৃষি যন্ত্রপাতি কৃষকদের মাঝে ভর্তুকীর মাধ্যমে কৃষি যন্ত্রপাতি বিতরণ অব্যাহত রাখা।
- ফসলের ফলন বৃদ্ধিসহ নিরাপদ সবজি ও ফল উৎপাদন করার মাধ্যমে পুষ্টির চাহিদা পূরণ করতে উল্লেখিত কার্যক্রম চালু রাখতে নিম্নলিখিত প্রকল্পগুলো অব্যাহত থাকবে।

১। চাষী পর্যায়ে উন্নতমানের ধান, গম ও পাটবীজ উৎপাদন, সংক্ষণ ও বিতরণ প্রকল্প (২য় পর্যায়)।

২। তেল জাতীয় ফসল উৎপাদন বৃদ্ধি প্রকল্প।

৩। প্রোগ্রাম অন এগ্রিকালচার এন্ড রুলাল ট্রান্সফরমেশন ফর নিউট্রিশন এন্টারপ্রেনরশিপ এন্ড রেসিলিয়েন্স ইন বাংলাদেশ (পার্টনার)

৪। রাজস্ব খাতের অর্থায়নে প্রদর্শনী স্থাপন।

৫। পরিবেশবান্ধব কৌশলের মাধ্যমে নিরাপদ ফসল উৎপাদন প্রকল্প।

৬। কন্দাল ফসল উন্নয়ন প্রকল্প।

৭। খামার যান্ত্রিকীকরণের মাধ্যমে ফসল উৎপাদন বৃদ্ধি প্রকল্প-(২য় পর্যায়)।

৮। অনাবাদি পতিত জমি ও বসতবাড়ির আঙ্গিনায় পারিবারিক পুষ্টিবাগান স্থাপন প্রকল্প।

৯। যশোর অঞ্চল টেকসই কৃষি সম্প্রসারণ প্রকল্প।

১০। লাভজনক পদ্ধতিতে গ্রীষ্মকালীন পেঁয়াজ ও টমেটো উৎপাদন বৃদ্ধি কর্মসূচি।

১১। মসলার উন্নত জাত ও প্রযুক্তি সম্প্রসারণ প্রকল্প।